

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২২৭(আগরতলা, ১৭।০৪)  
শান্তিরবাজার, ১৭ এপ্রিল, ২০১৮

শান্তিরবাজারে ড: বি আর আশ্বেদকরের জন্মজয়ন্তী পালিত

শান্তিরবাজার কমিউনিটি হলে গত ১৪ এপ্রিল বাবা সাহেব ড: বি আর আশ্বেদকরের ১২৮তম জন্মজয়ন্তী পালন করা হয়। শান্তিরবাজার মহকুমা প্রশাসন আয়োজিত এই অনুষ্ঠানের শুরুতে ড: বি আর আশ্বেদকরের মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধাজ্ঞাপন করেন বিধায়ক প্রমোদ রিয়াং, বিধানসভার প্রাক্তন ডেপুটি স্পীকার গৌরী শঙ্কর রিয়াং, মহকুমা শাসক বিশ্ব শ্রী বি, পুরপরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক দেবযানী সাহা, বিদ্যালয় পরিদর্শক দুলাল বিশ্বাস, বকাফা ব্লকের বি ডি ও প্রদীপ সরকার এবং বিশিষ্ট সমাজসেবী সত্যব্রত সাহা প্রমুখ। অনুষ্ঠানে বিধায়ক প্রমোদ রিয়াং ড: বি আর আশ্বেদকরের চিন্তাধারা ও আদর্শী সকলের কাছে পৌঁছে দেওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। এছাড়া, বক্তব্য রাখেন প্রাক্তন ডেপুটি স্পীকার গৌরী শঙ্কর রিয়াং। স্বাগত ভাষণ দেন মহকুমা শাসক বিশ্ব শ্রী বি। অনুষ্ঠানে উপস্থিত ছাত্র-ছাত্রী ও দর্শকদের মধ্যে ওপেন কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*